গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা
www.coop.gov.bd

নম্বর: ১১৫০-এ/৩

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

## আদেশ

১০৪তম আন্তর্জাতিক সমবায় দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে জনাব মীর শাহে আলম, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়সহ অতিথিবৃন্দ সমবায় অধিদপ্তরের কার্যক্রম গতিশীল করা, প্রকল্প গ্রহণ, সমবায় সমিতিসমূহের উন্নয়ন, সমবায় অধিদপ্তরের অর্গানোগ্রাম আপগ্রেডেশনসহ বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেছেন। নির্দেশনামূলক বক্তব্যের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমবায় অধিদপ্তর, ঢাকা এর শাখা/অধিশাখার কর্মকর্তাগণকে এবং এর অধীন কার্যালয়সমূহের **বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত ছক মোতাবেক দায়িত্ব প্রদান করা হলো।**

| ক্র. নং | বিষয় | দিক নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী | সময়কাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | উপজেলা সমবায় অফিসার, তেতুলিয়া, পঞ্চগড় কর্তৃক সমবায় ভিত্তিক চা কারখানা স্থাপনের লক্ষ্যে চা ব্যবসায়ী সিন্ডিকেট ভাঙতে এবং সমবায়ী চাষিদের ন্যায্য মূল্য নিশ্চিত করতে তেঁতুলিয়ায় সমবায় ভিত্তিক একটি চা কারখানা (Tea Processing Factory) স্থাপনের প্রস্তাব প্রদান করেন এবং এই কারখানাটি স্থাপনের জন্য আনুমানিক ১৫ কোটি টাকার প্রয়োজন বলে উল্লেখ করেন। | দ্রুত একটি ডিপিপি (DPP) প্রণয়ন করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, তেতুলিয়া, পঞ্চগড়/জেলা সমবায় কর্মকর্তা, পঞ্চগড়/ বিভাগীয় যুগ্মনিবন্ধক, রংপুর/সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ ইপিপি অধিশাখা | পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে উপজেলা/জেলা/বিভাগীয় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ডিপিপি (DPP) প্রণয়ন পূর্বক সমবায় অধিদপ্তরে প্রেরণ করবেন। সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা ডিপিপি (DPP) যাচাইপূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করবেন। |
| ০২. | ক. পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের মাধ্যমে বিতরণকৃত কৃষি যন্ত্রপাতিগুলো রক্ষণাবেক্ষণের অভাবে সেগুলো নষ্ট হয় এবং তা বিক্রি করে দেওয়া হয়। এতে সমবায়ীদের আর্থিক ক্ষতি হয়। যন্ত্রপাতিগুলো সমবায় সমিতির মাধ্যমে দেওয়া হলে এবং রক্ষনা বেক্ষণের দায়িত্ব প্রদান করা হলে সমিতির সদস্যসহ অন্যান্যদের আর্থিক সুবিধাসহ আয় বৃদ্ধি পাবে বলে দি মার্মা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন প্রতিনিধি কর্তৃক প্রস্তাব করা হয়। | ক. জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি এ বিষয়ে প্রস্তাবনা প্রস্তুতপূর্বক সমবায় অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ক. জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি/ বিভাগীয় যুগ্মনিবন্ধক, চট্টগ্রাম/ সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ ইপিপি অধিশাখা | ক. পত্র প্রাপ্তির ১৫(পনের) কর্মদিবসের মধ্যে |
| | খ. পার্বত্য এলাকায় প্রচুর ফল ও ফসল উৎপাদিত হলেও সংরক্ষণাগার এবং সঠিক বাজার ব্যবস্থাপনার অভাবে সমবায়ের চাষিরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন, যা প্রকারান্তে তাদের ঋণ পরিশোধের সক্ষমতাকে কমিয়ে দিচ্ছে। | খ. জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি কর্তৃক ডিপিপি (DPP) প্রণয়নপূর্বক সমবায় অধিদপ্তরের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | খ. জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি/ বিভাগীয় যুগ্মনিবন্ধক, চট্টগ্রাম/ সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ ইপিপি অধিশাখা | খ. পত্র প্রাপ্তির ২০(বিশ) কর্মদিবসের মধ্যে |
| ০৩. | সমবায় অধিদপ্তরের আওতাধীন জেলা সমবায় কার্যালয়সমূহের নিজস্ব ভবন/ প্রশিক্ষণ কেন্দ্র না থাকায় সমবায় সমিতি/ সমবায়ীদের সেবা গ্রহণের অসুবিধা হয় এবং জেলা সমবায় কর্মকর্তাগণদের সেবা প্রদানে অসুবিধার সম্মুখীন হন বলে অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উল্লেখ করেন। এক্ষেত্রে তারা ৬৪জেলায় প্রশিক্ষণ কেন্দ্রসহ নিজস্ব জেলা সমবায় কার্যালয় ভবন নির্মাণ স্থাপনের প্রস্তাব করেন। | ৬৪জেলায় প্রশিক্ষণ কেন্দ্রসহ নিজস্ব জেলা সমবায় কার্যালয় ভবন নির্মাণের (DPP) প্রণয়নপূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | জেলা সমবায় কর্মকর্তা (সকল)/বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ ইপিপি অধিশাখা | পত্র প্রাপ্তির ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে |
| ০৪. | সমবায় সমিতিসমূহের উন্নয়নে সমবায় সমিতি ভিত্তিক উপজেলা ভিত্তিক/জেলা ভিত্তিক চাহিদা অনুযায়ী প্রকল্প গ্রহণ | সমবায় সমিতিসমূহের উন্নয়নে সমবায় সমিতি ভিত্তিক, উপজেলা/জেলা ভিত্তিক চাহিদা অনুযায়ী প্রকল্প গ্রহণ করতে হবে। যার জন্য উপজেলা/জেলা সমবায় কর্মকর্তাগণ প্রকল্পের শিরোনাম নির্ধারণসহ ছোট ছোট প্রকল্প প্রস্তাব প্রেরণ করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা (সকল)/ জেলা সমবায় কর্মকর্তা(সকল)/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ ইপিপি অধিশাখা | পত্র প্রাপ্তির ১৫(পনের) কর্মদিবসের মধ্যে উক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | সমবায়ী চাষিরা যখন অকশন মার্কেট থেকে চা কিনতে যান তখন তাদের ট্যাক্স দিতে হয়। এছাড়া চা বিক্রি করার সময় এবং অডিট পরবর্তী লাভের ওপর অডিট ফি এবং এনবিআর এর আওতায় ট্যাক্স দিতে হয়, যা তাদের জন্য আর্থিক চাপ তৈরি করছে। সকল সমবায় সমিতির ক্ষেত্রেই এরূপ অবস্থা বিদ্যমান। | ট্যাক্স মওকুফের জন্য একটি প্রস্তবনা তৈরিপূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জাতীয় রাজস্ব বোর্ডের (NBR) সাথে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা, তেতুলিয়া, পঞ্চগড়/ জেলা সমবায় কর্মকর্তা, পঞ্চগড়/ বিভাগীয় যুগ্মনিবন্ধক, রংপুর/ সমবায় অধিদপ্তরের অডিট ও আইন শাখা/ অডিট ও আইন অধিশাখা | পত্র প্রাপ্তির ১৫(পনের) কর্মদিবসের মধ্যে |
| ০৬. | খাগড়াছড়ির 'দি মার্মা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড'-এর প্রতিনিধি জানান যে, ক্রেডিট সমবায় সমিতিগুলো ঋণ নিয়ে কাজ করতে গিয়ে ঋণ খেলাপিদের (Loan Defaulters) কারণে চরম ভোগান্তির সম্মুখীন হচ্ছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে জেলা সমবায় কর্মকর্তাকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রদানের জন্য এবং আইন শৃঙ্খলা বাহিনী সহয়তার জন্য একটি প্রস্তাব প্রণয়ন পূর্বক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | সমবায় অধিদপ্তরের অডিট ও আইন শাখা/ অডিট ও আইন অধিশাখা | পত্র প্রাপ্তির ৬০(ষাট) কর্মদিবসের মধ্যে |
| ০৭. | বর্তমানে ৪১ লক্ষ পরিবারকে ফ্যামিলি কার্ড এবং ৪৩ লক্ষ কৃষককে কৃষক কার্ড দেওয়া হচ্ছে। আগামী চার বছরে ৪ কোটি পরিবার এবং ২ কোটি ৭০ লক্ষ কৃষককে এই কার্ডের আওতায় আনা হবে। উল্লিখিত কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ডধারীদের জন্য নতুন সমবায় সমিতি গঠন করার প্রস্তাব করা হয়। | কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ডধারী ব্যক্তিদের নিয়ে গ্রামে গ্রামে সমবায় সমিতি গঠন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা (সকল)/ জেলা সমবায় কর্মকর্তা(সকল)/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ সমবায় অধিদপ্তরের অডিট ও আইন শাখা/ অডিট ও আইন অধিশাখা | পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে |
| ০৮. | একই পরিবারের সদস্যদেরকে নিয়ে কাগজ কলমে/ মনগড়াভাবে/ অসম্পূর্ণ তথ্য দিয়ে সমবায় সমিতি নিবন্ধন | সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, প্রচলিত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করতে হবে। যাচাই বাছাই করে শতভাগ সঠিক পাওয়া গেলে সমবায় সমিতি নিবন্ধন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা (সকল)/ জেলা সমবায় কর্মকর্তা(সকল)/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ সমবায় অধিদপ্তরের অডিট ও আইন শাখা/ অডিট ও আইন অধিশাখা | পত্র প্রাপ্তির সাথে সাথেই উক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ০৯. | সমবায় অধিদপ্তরের অধীন কার্যালয়সমূহ হতে নিবন্ধিত সমবায় সমিতিগুলোর উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি অকার্যকর রয়েছে। অকার্যকর সমবায় সমিতিগুলো কার্যকর করা অথবা নিবন্ধন বাতিল করা প্রয়োজন। | সমবায় সমিতিসমূহকে পুনরুজ্জীবিত করা বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের ১৪নম্বর পাতায় ১৪নং পয়েন্টে সমবায় পুনরুজ্জীবিত করার প্রতিশ্রুতি রয়েছে। মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় মহোদয় তাৎক্ষনিকভাবে/ হঠাৎ যেকোন উপজেলা সমবায় কার্যালয় পরিদর্শন করবেন বলে ১০৪তম আন্তর্জাতিক সমবায় দিবসে প্রধান অতিথি তাঁর ভাষনে উল্লেখ করেছেন। সমবায় সমিতি পুনরুজ্জীবিত' করতে উপজেলা সমবায় কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল সমবায় অফিসকে যথাযথভাবে কাজ করতে হবে। তাছাড়া উপজেলা/জেলা পর্যায়ের অকার্যকর সমবায় সমিতির তালিকা সংরক্ষণ এবং সমবায় অধিদপ্তরে প্রেরণ করতে হবে। সমবায় অধিদপ্তরের সমিতি অধিশাখা এ বিষয়ে সার্বিক মনিটরিংসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | উপজেলা সমবায় কর্মকর্তা (সকল)/ জেলা সমবায় কর্মকর্তা(সকল)/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ সমবায় অধিদপ্তরের সমিতি ব্যবস্থাপনা অধিশাখা/ সমিতি ব্যবস্থাপনা অধিশাখার আওতাধীন শাখাসমূহ | পত্র প্রাপ্তির সাথে সাথেই উক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ১০. | ক. সমবায়ীদের পণ্য বিদেশে রপ্তানির জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর (EPB) সাথে সমঝোতা স্মারক (MoU) করার মাধ্যমে সমবায়ীদের উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করা সম্ভব। | ক. সমবায়ীদের পণ্য বিদেশে রপ্তানির জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর (EPB) সাথে সমঝোতা স্মারক (MoU) করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য | ক. সমবায় অধিদপ্তরের আওতাধীন মার্কেট শাখা/ সমিতি ব্যবস্থাপনা অধিশাখা | পত্র প্রাপ্তির সাথে সাথেই উক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ. বিক্রয় কেন্দ্র/সমবায় মার্কেটঃ<br>সমবায়ীদের উৎপাদিত পন্য দেশীয় বাজারে বিক্রির জন্য এবং সমবায়ীদের উৎপাদিত পণ্যের মার্কেট চেইন তৈরির জন্য সমবায় বাজার স্থাপন করা প্রয়োজন।<br><br>গ. বাংলাদেশের প্রতিটি হাটবাজারে এলজিইডির মাধ্যমে "গ্রোথ সেন্টার" নির্মাণ করা হচ্ছে। এই সেন্টারগুলোর মূল লক্ষ্য হলো গ্রামীণ অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করা। সমবায় সমিতি/মহিলা সমবায় সমিতিকে এই গ্রোথ সেন্টারগুলোতে সম্পৃক্ত করা যেতে পারে। | রপ্তানি উন্নয়ন ব্যুরোকে পত্র দিতে হবে।<br>খ. ঢাকা শহরের বিডিআর-এর পরিত্যক্ত বিক্রয় কেন্দ্রগুলো সংস্কার করে সমবায়ীদের পণ্য বিক্রির ব্যবস্থা করার লক্ষ্যে সমবায়ীদের নামে বরাদ্দ দেওয়ার জন্য ঢাকা উত্তর এবং দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক মহোদয়গণকে পত্র দেওয়া যেতে পারে। তাছাড়া বাংলাদেশ রেলওয়ের এবং গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন খালি জায়গা/অব্যবহৃত জায়গাসমূহে বাজার স্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে যোগযোগ স্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ. বাংলাদেশের প্রতিটি হাটবাজারে এলজিইডির মাধ্যমে "গ্রোথ সেন্টার" নির্মাণ করা হচ্ছে। এই সেন্টারগুলোর মূল লক্ষ্য হলো গ্রামীণ অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করা। সমবায় সমিতি/মহিলা সমবায় সমিতিকে এই গ্রোথ সেন্টারগুলোর সাথে সম্পৃক্ত করতে হবে। এক্ষেত্রে প্রতিটি উপজেলায় বিদ্যমান মহিলা সমবায় সমিতি/নতুন মহিলা সমবায় সমিতি গঠনের মাধ্যমে তাদের গ্রোথ সেন্টারের সাথে সম্পৃক্ত করতে হবে। | খ. সমবায় অধিদপ্তরের আওতাধীন মার্কেট শাখা/ পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ ইপিপি অধিশাখা/সমিতি ব্যবস্থাপনা অধিশাখা .<br><br>গ. সমবায় অধিদপ্তরের ম ও বি শাখা/ সমিতি ব্যবস্থাপনা অধিশাখা | |
| ১১. | ক. সমবায় সমিতির সদস্যগণের আয়বৃদ্ধি ও তাদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার জন্য এবং একই সাথে সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমিতি পরিচালনায় দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।<br>খ. সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পেশাদারিত্ব, দক্ষ মানব সম্পদ এবং কেরিয়ার প্ল্যানিং এর জন্য চাহিদা ভিত্তিক প্রয়োজনীয় প্রশিক্ষণের প্রয়োজন। | ক. সমবায় সমিতির সদস্যদের জন্য সমিতি ব্যবস্থাপনা, অডিট ও আইন, আইজিএ/ট্রেড ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>খ. সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পেশাদারিত্ব, দক্ষ মানব সম্পদ এবং কেরিয়ার প্ল্যানিং এর জন্য চাহিদা ভিত্তিক প্রয়োজনীয় প্রশিক্ষণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক. আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট/ বাংলাদেশ সমবায় একাডেমী/ সমবায় অধিদপ্তরের ইপিপি অধিশাখা<br>খ. আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট/ বাংলাদেশ সমবায় একাডেমী/ সমবায় অধিদপ্তরের ইপিপি শাখা/ ইপিপি অধিশাখা | পত্র প্রাপ্তির সাথে সাথেই উক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ১২. | ক. উপজেলা সমবায় কর্মকর্তার পদ ১০ম গ্রেড হতে ১ম শ্রেণীতে উন্নীত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করা প্রয়োজন। | ক. উপজেলা সমবায় কর্মকর্তার পদটি ৯ম গ্রেড (১ম শ্রেণী)-এ উন্নীত করার প্রস্তাব সমবায় অধিদপ্তর হতে পল্লী উন্নয়ন সমবায় বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এ বিষয়ে বিভিন্ন তথ্য চেয়ে পত্র দিয়েছে। চাহিত তথ্য সমবায় অধিদপ্তর হতে পল্লী উন্নয়ন সমবায় বিভাগের মাধ্যমে | ক. সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা/ প্রশাসন অধিশাখা | ক. দ্রুততম সময়ের মধ্যে তথ্য সংগ্রহ করে সমবায় অধিদপ্তর হতে পল্লী উন্নয়ন সমবায় বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ. সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালকের পদটি গ্রেড-১ এবং সমবায় ক্যাডারের অন্যন্য পদ আপগ্রেডেশন করা প্রয়োজন। | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ. সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালকের পদটি গ্রেড-১ এবং সমবায় ক্যাডারের অন্যান্য পদ আপগ্রেডেশন জন্য প্রস্তাব প্রস্তুত করা হয়েছে। প্রস্তাব দ্রুত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। | খ. সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা/ প্রশাসন অধিশাখা | খ. প্রস্তুতকৃত প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরন করতে হবে। |
| ১৩. | সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি দ্রুত ব্যবস্থা করা প্রয়োজন। | সমবায় অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি দ্রুত ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। পরিদর্শক পর্যায়ে জ্যেষ্ঠতা তালিকা নিয়ে বিদ্যমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ১০ম গ্রেড থেকে ২০তম গ্রেড পর্যন্ত বিভিন্ন পর্যায়ে গ্রেডেশন/জ্যেষ্ঠতা তালিকার প্রণয়ন চলমান রয়েছে। তা দ্রুত শেষ করে সংশ্লিষ্ট পদগুলোতে পদোন্নতি ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া অতিরিক্ত নিবন্ধক, যুগ্মনিবন্ধক ও উপনিবন্ধক পদে পদোন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখা/ প্রশাসন অধিশাখা | অতিরিক্ত নিবন্ধক ও উপনিবন্ধক পদে পদোন্নতির প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হলেও যুগ্মনিবন্ধক পদে পদোন্নতি প্রস্তাব প্রেরণ করা হয়নি বিধায় যুগ্মনিবন্ধক পদে পদোন্নতি প্রস্তাব দ্রুত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। |

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

স্বাক্ষরিত/-মো: সেলিম ফকির, এনডিসি
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা
ফোন: ০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০০৪.০২৩.০৪৪.২৫জি.১১৫০/১(৪৭)-এ/ও

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন,মাসউ ও ফাইন্যান্স)/(সমিতি ব্যবস্থাপনা)/(ইপিপি)/(অডিট ও আইন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা (তাঁকে তাঁর অধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহকে পত্রের কপি প্রেরণ নিশ্চিকরণের অনুরোধসহ )।
৩. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ (তাঁকে তাঁর অধীন জেলা ও উপজেলা মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়সমূহকে পত্রের কপি প্রেরণের নিশ্চিকরণের অনুরোধসহ )।
৪. যুগ্মনিবন্ধক (সকল) ............................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
৫. উপনিবন্ধক (সকল) ............................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ............. সমবায় অধিদপ্তর, ঢাকা।
৭. নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩/০৭/২০২৬

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।